TRIPURA LEGISLATIVE ASSEMBLY

৫ম অধিবেশন

Questions For UnStart Oral Answer

কুল প্রশ্ন - 86

----

11 - Agar Plantation related information. (By - Shri Gopal Chandra Roy)

54 **শ্রী গোপাল চন্দ্র রায় (বনমালীপুর):**

বন :-

1. What is the current status of Agar Plantation in Tripura (details of Production with area)?

----

16 - **আগরতলা স্মার্ট সিটি সম্পর্কিত তথ্য।** (By - Shri Gopal Chandra Roy)

55 **শ্রী গোপাল চন্দ্র রায় (বনমালীপুর):**

নগর উন্নয়ন :-

১। বর্তমানে Smart City প্রকল্পে আগরতলা শহরে কতসংখ্যক গৃহহীন পরিবারকে আবাসন দেওয়া হয়েছে;

২। উক্ত প্রকল্পে জলনিষ্কাশনের জন্য কয়টি বড় ড্রেইন-কে কভার ড্রেইন-এ রূপান্তরিত করা

হয়েছে?

----

35 - WELFARE OF SCHEDULED CASTES বিভাগের কর্মচারী পদের সংখ্যা সম্পর্কিত তথ্য। (By - Shri Sudip Sarkar)

56 **শ্রী সুদীপ সরকার (বড়জলা):**

তফসিলি জাতির কল্যাণ :-

১। রাজ্যে Welfare of Scheduled Castes দপ্তরে অর্থ দপ্তরের অনুমোদিত কোন্ কোন্ স্তরের কর্মচারী পদের সংখ্যা কত (স্তর ভিত্তিক হিসাব) ;

২। গত তিনটি অর্থ বছরে উক্ত দপ্তরে নিয়মিত বেতনক্রমে, স্থির বেতনে ও আউটসোর্সিং প্রথায় কতজন কর্মচারীকে নিযুক্ত করা হয়েছে এবং বর্তমানে নিয়মিত বেতনক্রমে, স্থির বেতনে ও আউটসোর্সিং হিসাবে কতজন কর্মচারী কর্মরত অবস্থায় আছেন (বছর ভিত্তিক হিসাব); এবং

৩।উক্ত দপ্তরের শূন্যপদ গুলি পুরনের জন্য দপ্তরের তরফ থেকে কি কি উদ্যোগ গ্রহন করা হয়েছে ?

----

36 - Public Works (D.W.S) দপ্তরে কর্মচারী সংখ্যা সম্পর্কিত তথ্য। (By - Shri Sudip Sarkar)

57 **শ্রী সুদীপ সরকার (বড়জলা):**

পূর্ত :-

১। বর্তমানে রাজ্য সরকারের Public Works (D.W.S) দপ্তরে কর্মচারী সংখ্যা কত (পদ ভিত্তিক হিসাব);

২। গত তিনটি অর্থ বছরে নিয়মিত বেতনক্রম ও আউটসোর্সিং প্রথায় কত জন কর্মচারীকে নিযুক্ত করা হয়েছে ও বর্তমানে নিয়মিত, স্থির বেতন ও আউটসোর্সিং হিসাবে কতজন কর্মচারী কর্মরত আছেন; এবং

৩। উক্ত দপ্তরের শূন্যপদগুলির পুরনের জন্য দপ্তর থেকে কি কি উদ্যোগ নেওয়া হয়েছে?

----

41 - সরকারী জমিতে কাঁচা শৌচাগারের সংখ্যা সম্পর্কিত তথ্য। (By - Shri Sudip Roy Barman)

58 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

নগর উন্নয়ন :-

১। রাজধানী আগরতলা শহরে মূলতঃ সরকারী জমিতে বসবাসকারীদের কাঁচা শৌচাগারের সংখ্যা কত ;

২। উক্ত কাঁচা শৌচাগারগুলো সম্পর্কে দপ্তরের কী পরিকল্পনা রয়েছে ?

----

42 - **জি বি বাজার এলাকায় রাস্তায় জল জমে থাকা নিস্কাশনের সম্পর্কিত তথ্য।** (By - Shri Sudip Roy Barman)

59 **শ্রী সুদীপ রায় বর্মন** (**আগরতলা**)**:**

নগর উন্নয়ন :-

১। জি বি বাজার এলাকায় বর্ষাকালে রাস্তায় জমে থাকা জল দ্রুত নিস্কাশনের জন্য দপ্তরের কোন

পরিকল্পনা আছে কিনা;

২। থাকলে কবে নাগাদ এই পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

----

43 - **বেওয়ারিশ কুকুর ও গরু নিয়মিত পরিচর্চার উদ্দেশে তথ্য।** (By - Shri Sudip Roy Barman)

60 **শ্রী সুদীপ রায় বর্মন** (**আগরতলা**)**:**

নগর উন্নয়ন :-

১। স্মার্ট সিটি আগরতলা শহরের বিভিন্ন প্রান্ত থেকে বেওয়ারিশ কুকুর ও গরুগুলোকে সরিয়ে সরকারীভাবে নির্দিষ্ট স্থানে রেখে পরিচর্চার কোন ব্যবস্থা আছে কিনা,

২। না থাকলে, নগরবাসীদের বর্তমান অসুবিধা দূরীকরণের লক্ষ্যে উক্ত বেওয়ারিশ কুকুর ও গরুগুলোকে নিয়মিত পরিচর্চার উদ্দেশে এই ব্যবস্থা নেওয়া হবে কিনা,

৩। হলে কবে নাগাদ নেওয়া হবে বলে আশা করা যায় ?

----

51 - Settlement of Families in Road Forest Range Area related information. (By - Shri Jitendra Chaudhury)

61 **শ্রী জিতেন্দ্র চৌধুরী** (**সাব্রুম**)**:**

বন :-

1) Whether this is true that a good number of families from different parts of North Tripura District has settled in Pekucherra GP, Panisagar in the month of May, 2024 by encroaching upon the virgin forest land under Roa Forest Range area?

2) If so the case, what number of families and how much forest lands are involved?

3)As on date what is the status of that incident?

----

52 - High-Value NTFP/Minor Forest Products related information. (By - Shri Jitendra Chaudhury)

62 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকম):**

বন :-

1) How many NTFP/Minor Forest Produces having good market values are regulated in the state by the Forest Department?

2) Whether the government has set up any designated collection centre, storage facility and declared any minimum support price for those regulated species ?

3)Whether the government shall consider to conduct a study to ascertain the exact number of families dependent on these forest produces and explore more options to enhance their livelihood opportunities?

----

53 - Active JFMCs in Forest Management and Development regarding information. (By - Shri Jitendra Chaudhury)

63 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকম):**

বন :-

1) What number of active JFMC existing now involved with forest management and forest development (Division wise figure please)?

2) What kind of activities are undertaken by the JFMCs and how they are benefitted by the Forest Department?

3) How many JFMCs are rewarded by the government during last three

financial years for their exemplary works?

----

54 - Forest দপ্তরে কর্মচারী পদের সম্পর্কিত তথ্য। (By - Shri Sudip Roy Barman)

64 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

বন :- ১। রাজ্য সরকারের Forest দপ্তরে কর্মচারী পদের সংখ্যা কত (স্তর ভিত্তিক) ; ২। উক্ত দপ্তরে বর্তমানে নিয়মিত বেতনক্রম স্থির বেতন এবং আউট সোর্সিং হিসাবে কোন কোনস্তরের কতজন করে কর্মচারী কর্মরত আছেন ; ৩। গত তিন বছরে নিয়মিত বেতনক্রমে এবং আউট সোর্সিং প্রথায় কতজন কর্মচারীকে নিযুক্ত করা হয়েছে; ৪। অর্থ দপ্তরের অনুমোদিত উক্ত দপ্তরের কর্মচারী শূন্য পদগুলি পূরণের জন্য কী উদ্যোগ নেওয়া হয়েছে ?

----

75 - Lok Ayukta related Information. (By-Shri Sudip Roy Barman)

65 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

সাধারণ প্রশাসন (মুদ্রণ এবং স্টেশনারি ব্যতীত) :-

1.How many cases of corruption have been dealt with by Lok Ayukta in the last three years?

2.Has any body been found guilty & if so what steps have been taken ?

3.How many suo-moto cases have been registered by Lok Ayukta ?

----

81 - Information regarding illegal construction in Lake Chowmuhani Bazar. (By - Shri Sudip Roy Barman)

66 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

নগর উন্নয়ন :-

1. Is it a fact that illegal construction of shops have taken place on the bank of 'Kata-

Khal' adjacent to Lake Chowmuhani Bazar ?

2. If so, what steps have been taken by the department to dismantle such illegal construction & save the river banks?

----

82 - তিনটি অর্থ বছরে রাজ্যে ক্ষুদ্র শিল্পের প্রসার সম্পর্কিত তথ্য। (By- Shri Jitendra Chaudhury)

67 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

Industry & Commerce :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্যে ক্ষুদ্র শিল্পের প্রসারে সরকার কী কী ব্যবস্থা নিয়েছে ;

২। ক্ষুদ্র শিল্পের প্রসারে রাজ্যের বিভিন্ন শিল্পাঞ্চলের উন্নয়নে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

----

98 - সংগীত, বাদ্য ও নৃত্য শিল্পীদের পরীক্ষা সম্পর্কিত তথ্য। (By- Shri Jitendra Chaudhury)

68 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

Information and Cultural Affairs :-

১। তথ্য ও সংস্কৃতি দপ্তরে সংগীত, বাদ্য ও নৃত্য শিল্পীদের জন্য 'অভিশান বা বিশেষ পরীক্ষার ব্যবস্থা আছে কিনা;

২। যদি থাকে তাহলে কতজন শিল্পী অডিশান-এর মাধ্যমে পরীক্ষায় উত্তীর্ন করেছেন (বিভাগ ভিত্তিক হিসাব) ?

----

101 - ঋষ্যমুখ বিধানসভার সীমান্ত হাট সম্পর্কিত তথ্য। (By-Shri Asoke Chandra Mitra)

69 **শ্রী অশোক চন্দ্র মিত্র (ঋষ্যমুখ):**

Industry & Commerce :- ১। ঋষ্যমুখ বিধানসভার ঋষ্যমুখের প্রাচীন সীমান্ত সংলগ্ন বাজারটির জায়গায় রাজ্য সরকারের তরফে সীমান্ত হাট করার কোন প্রস্তাব আছে কিনা ?

----

106 - অসংগঠিত শ্রমিক সম্পর্কিত তথ্য। (By - Shri Jitendra Chaudhury)

70 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

শ্রম :-

১। ইহা কি সত্য যে, অসংগঠিত শ্রমিকদের জন্য সরকার বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে; এবং

২। সত্য হলে, সেগুলি কিরুপ ?

----

107 - রাজ্যে তপশীলি জাতিভুক্ত স্বনির্ভর প্রকল্প সম্পর্কিত তথ্য। (By - Shri Jitendra Chaudhury)

71 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকম):**

তফসিলি জাতির কল্যাণ :-

১। রাজ্যে তপশীলি জাতিভুক্ত কতজনকে গত ৩ বছরে স্বনির্ভর প্রকল্পে ঋণ দেওয়া হয়েছে; এবং

২। কি কি ক্ষেত্রে লোন দেওয়া হয়েছে ?

----

108 - রাজ্যে তপশীলি জাতিভুক্ত স্বনির্ভর প্রকল্প সম্পর্কিত তথ্য। (By - Shri Jitendra Chaudhury)

72 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকম):**

তফসিলি জাতির কল্যাণ :-

১। রাজ্যে তপশিলী জাতিভুক্ত কতজন কর্মচারী বিভিন্ন দপ্তরে কর্মরত রয়েছেন;

২। রাজ্যে কতটি তপশিলী জাতিভুক্ত পদের সংখ্যা খালি রয়েছে (২০২৪ ইং সালের জুন মাস পর্যন্ত)?

----

110 - রেল পথ সংযোগ সম্পর্কিত তথ্য। (By - Shri Asoke Chandra Mitra)

73 **শ্রী অশোক চন্দ্র মিত্র (ঋষ্যমুখ):**

পরিবহন :-

১। বিলোনীয়া রেল স্টেশন থেকে বাংলা দেশের ফেনী হয়ে চিটাগাং রেল পথ সংযোগের সিদ্ধান্ত বর্তমানে কোন পর্যায়ে আছে ;

২। দূরপাল্লার কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসটি বিলোনীয়া স্টেশনে বিরতি দেওয়ার জন্য দক্ষিণ ত্রিপুরার বিরাট অংশের মানুষের দাবীটি স্বীকৃতির জন্য রাজ্য সরকারের তরফ থেকে কোন আবেদন কেন্দ্রীয় রেলমন্ত্রকের কাছে প্রেরন করা হয়েছে কি না ?

----

111 - রাজ্যের পানীয় জল সরবরাহ সম্পর্কিত তথ্য। (By- Shri Jitendra Chaudhury)

74 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকুম):**

পূর্ত :-

১। রাজ্যে বর্তমানে নলবাহিত পানীয় জল সরবরাহের অগ্রগতি কীরূপ; এবং

২। উক্ত সময়ের মধ্যে কতগুলি বাড়িতে ইতিমধ্যে জল সরবরাহ করা হয়েছে?

----

126 - **রাজ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তর সম্পর্কিত তথ্য।** (By - Shri Jitendra Chaudhury)

75 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকুম):**

Information and Cultural Affairs :-

১। রাজ্যে কতজন সংগীত, বাদ্য ও নৃত্য শিল্পী তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধীনে কর্মরত রয়েছেন ;

২।রাজ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের কতজন শিল্পী (সংগীত/বাদ্য/নৃত্য) প্রত্যেক বিভাগে গত ৩টি অর্থ বছরে অবসর গ্রহন করেছেন; এবং

৩। কতজন নুতন শিল্পীকে নিযুক্ত করেছেন (বিভাগ ভিত্তিক তথ্য) ?

----

180 - **জলজীবন মিশন প্রকল্প সম্পর্কিত তথ্য ।** (By-Shri Jitendra Chaudhury, Shri Chitta Ranjan Debbarma,Shri Nirmal Biswas)

76 **শ্রী জিতেন্দ্র চৌধুরী(সাকুম) :**
শ্রী চিত্ত রঞ্জন দেববর্মা(আমবাসা) :
শ্রী নির্মল বিশ্বাস(খোয়াই) :

পূর্ত :-

১। রাজ্যে জলজীবন মিশন প্রকল্পের আওতায় মোট কতগুলি বাড়িতে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে;

২। আমবাসা এবং কমলপুর মহকুমায় উপজাতির এলাকায় পাণীয় জল সরবরাহের বর্তমান অবস্থান কিরূপ;

৩। উক্ত প্রকল্পে কত সংখ্যক বাড়িতে পানীয় জল সরবরাহের কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে বলে আশা করা যায়; এবং

৪। উক্ত খাতে সরকারের কত টাকা ব্যয় হয়েছে ?

----

181 - রাজ্য সরকার প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা সম্পর্কিত তথ্য। (By- Shri Sudip Roy Barman,Shri Nayan Sarkar)

77 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

Skill Development :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্য সরকার প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনায় মোট কত অর্থ পেয়েছে এবং মোট কত অর্থ খরচ হয়েছে; (অর্থবছর ভিত্তিক হিসাব);

২। প্রাপ্ত অর্থ দিয়ে কি কি কাজ এবং কত জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে;

৩। এতে মোট কত জন উপকৃত হয়েছে ?

----

182 - Information regarding DT wells and decline of underground water level (By - Shri Sudip Roy Barman)

78 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

পূর্ত :-

1. How many DT wells meant for drinking is not working properly due to the decline of underground water level in the state?

----

183 - Information regarding construction of drains. (By - Shri Sudip Roy Barman)

79 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

নগর উন্নয়ন :-

1. Is it a fact that there has been a long standing demand of construction of drain on both sides of road from Indranagar IT Bhavan to Katakhal?

2. If so, why has the work not yet been commenced?

----

184 - কালচারাল হাব সম্পর্কিত তথ্য। (By-Shri Jitendra Chaudhury, Shri Sudip Roy Barman)

80 **শ্রী জিতেন্দ্র চৌধুরী(সাব্রুম) :**
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

Information and Cultural Affairs :-

১। ইহা কি সত্য যে, নজরুল কলাক্ষেত্রে ভাস্কর বিপুল কান্তি সাহার ক্রমাঙ্কিত স্টুডিওটি বন্ধ করে দেওয়া হয়েছে;

২। যদি সত্য হয়ে থাকে তাহলে তার কারণ;

৩।২০২০-২১ অর্থ বাজেটে রাজ্যে একটি বহুমুখী কালচারাল হাব গড়ে তোলার যে উল্লেখ ছিল সেই কালচারাল হাবটি রাজ্যের কোন স্থানে গড়ে তোলা হচ্ছে ;

৪। উক্ত কালচারাল হাবটি নির্মাণ কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে এবং এতে এখন পর্যন্ত মোট কত অর্থ ব্যয় হয়েছে ;

৫। বহুমুখী কালচারাল হাব নির্মাণে অর্থায়ণ কোথা থেকে করা হচ্ছে ;

৬। কখন / কবে নাগাদ এই কালচারাল হাব নির্মাণ করার কাজ শেষ হবে বলে আশা করা যায় ;

৭। কালচারাল হাবটি নির্মাণে মোট কত টাকা ধরা হয়েছে ?

----

185 - কেন্দ্রীয় সরকারের বিভিন্ন স্কিম থেকে প্রাপ্ত অর্থ সম্পর্কিত তথ্য। (By- Shri Jitendra Chaudhury)

81 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকম):**

বন :-

১। গত তিনটি অর্থ বছরে এবং চলতি অর্থ বছরের রাজ্য সরকার Integrated Development of Wildlife Habitats, Conservation of Natural Resources and Ecosystems, Intensification of Forest Management Scheme National Afforestation Mission (Green India Mission) CASP থেকে মোট কত অর্থ কেন্দ্রীয় সরকারের নিকট থেকে পেয়েছে ;

২। প্রদত্ত অর্থ দিয়ে রাজ্যে কি কি কাজ করা হয়েছে এবং চলতি প্রক্রিয়ার মধ্যে আছে (কাজের নাম এবং তৎসঙ্গের অর্থের পরিমাণ উল্লেখ সহ আলাদা আলাদা তথ্য) ?

----

186 - Utilization Certificate সম্পর্কিত তথ্য । (By - Shri Jitendra Chaudhury)

82 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকম):**

নগর উন্নয়ন :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্যের AMC সহ অন্যান্য পৌর পরিষদ এবং নগর পঞ্চায়েত

গুলির মধ্যে কয়টি খাতের / প্রকল্পের Utilization Certificate সংশ্লিষ্ট দপ্তরের কাছে পেশ করা সম্ভব হয়নি (সংস্থার নাম এবং অর্থের পরিমাণ সহ) ;

২।যে সকল খাতে Utilization Certificate পেশ করা সম্ভব হয়নি তাতে মোট কত পরিমাণ অর্থ বরাদ্দ রয়েছে ?

----

187 - রাজ্যে 'রাবার মিনি মিশন' প্রকল্প সম্পর্কিত তথ্য। (By - Shri Jitendra Chaudhury)

83 শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকুম):

Industry & Commerce :-

১। রাজ্যে 'রাবার মিনি মিশন' প্রকল্পে এখন অব্দি কি কি কাজ হয়েছে এবং তাতে মোট কত জন রাবার উৎপাদনকারী উপকৃত হয়েছে;

২। উক্ত প্রকল্পে এখন অব্দি মোট কত অর্থ ব্যয় হয়েছে; এবং

৩। উৎপাদনকারীগন যাতে উপযুক্ত মূল্যে রাবার বিক্রি করতে পারে - তার জন্য রাজ্য সরকারের কোন পরিকল্পনা রয়েছে কিনা ?

----

188 - Food Processing Unit regarding information. (By- Shri Jitendra Chaudhury)

84 শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাকুম):

Industry & Commerce :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্যে PM Formalisation of Micro Food Processing Enterprises Scheme (PM.FME) এ রাজ্য সরকার মোট কত কেন্দ্রীয় সরকার থেকে পেয়েছে বা কেন্দ্রীয় সরকার কর্তৃক স্ব-উদ্যোগীদের দেওয়া হয়েছে ;

২। রাজ্যে বর্তমানে মোট কয়টি Food Processing Unit চালু রয়েছে এবং কি কি ফলের প্রসেসিং হয়ে থাকে;

৩। বর্তমানে রাজ্যে Food Processing শিল্পের মাধ্যমে বাৎসরিক কত অর্থ আয় হচ্ছে ও কত জনের কর্মসংস্থান হয়েছে ?

----

189 - রাজ্যের স্মার্ট সিটি মিশনের কাজ সম্পর্কিত তথ্য। (By- Shri Jitendra Chaudhury, Shri Shri Nayan Sarkar, Shri Sudip Sarkar, Shri Nirmal Biswas)

85 **শ্রী জিতেন্দ্র চৌধুরী(সাব্রুম) :**
শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :
শ্রী সুদীপ সরকার(বড়জলা) :
শ্রী নির্মল বিশ্বাস(খোয়াই) :

নগর উন্নয়ন :-

১। রাজ্যে স্মার্ট সিটি মিশনের কাজ কখন থেকে শুরু হয় এবং মিশনের কাজ কত সময়ের মধ্যে শেষ করার জন্য নির্ধারিত ছিল ;

২। উক্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকার থেকে এখন অব্দি মোট কত অর্থ পাওয়া গেছে এবং তাতে রাজ্যের শেয়ার থাকলে তাতে কত অর্থ যুক্ত করা হয়েছে ; এবং

৩। এখন পর্যন্ত মোট কতটি প্রকল্পের কাজ এখন অব্দি সম্পন্ন করা হয়েছে এবং কোন কাজটিতে কত অর্থ ব্যয় হয়েছে ; ৪।আগরতলা শহরে পরিকাঠামো উন্নয়নে উক্ত প্রকল্পে এখন পর্যন্ত কি কি কাজ সম্পন্ন হয়েছে এবং কি কি কাজ চলতি প্রক্রিয়ায় আছে ?

----

190 - **রাজ্যের হস্তর্তাঁত ও হস্তকারু শিল্প সম্পর্কিত তথ্য।** (By- Shri Jitendra Chaudhury, Shri Asoke Chandra Mitra)

86 **শ্রী জিতেন্দ্র চৌধুরী(সাব্রুম) :**
শ্রী অশোক চন্দ্র মিত্র(ঋষ্যমুখ) :

Handloom , Handicraft & Sericulture :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্যে উপজাতি তাঁত শিল্পীদের কল্যাণে এবং তাঁত শিল্পীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে ;

2। রাজ্যের হস্তর্তাঁত ও হস্তকারু শিল্পীদের দক্ষতা বিকাশে আধুনিক ডিজাইন সম্পর্কে সম্যক জ্ঞান থেকে রাজ্যের হস্তর্তাঁত ও হস্তকারু শিল্পীদের দক্ষতা বিকাশে আধুনিক ডিজাইন সম্পর্কে সম্যক জ্ঞান থেকে এবং উ৴পাদিত সামগ্রীর বাজারজাত করণের উদ্দেশ্যে রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছে বা এখনো চলছে এবং এর জন্য গত তিনটি অর্থ বছরে মোট কত অর্থ ব্যয় করা হয়েছে;

৩। বর্তমানে রাজ্যে তাঁত শিল্পে মোট কত জন যুক্ত রয়েছে ; ৪। রাজ্যে তাঁত শিল্প ও কারু শিল্পের মাধ্যমে বা৴সরিক মোট কত অর্থ আয় হচ্ছে এবং উপজাতি তাঁত শিল্পের মাধ্যমে মোট কত অর্থ আয় হচ্ছে ?

----

191 - **ললিত কলা একাডেমির শাখা কেন্দ্র স্থাপন সম্পর্কিত তথ্য ।** (By- Shri Jitendra Chaudhury)

87 **শ্রী জিতেন্দ্র চৌধুরী(সাব্রুম) :**
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

Information and Cultural Affairs :-

১। ইহা কি সত্য রাজ্য সরকার নজরুল কলাক্ষেত্র চত্বরে ললিত কলা একাডেমির উত্তর পূর্বাঞ্চলীয় আঞ্চলিক কেন্দ্র স্থাপনের উদেশ্যে শিলান্যাস করা হয়েছিল ;

২। যদি সত্য হয়ে থাকে, উক্ত শিলান্যাস অনুষ্ঠানে মোট কত অর্থ ব্যয়িত হয়েছিল;

৩। উক্ত স্থানে ললিত কলা একাডেমির শাখা কেন্দ্র স্থাপনের জন্য কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক থেকে কোন অর্থ বরাদ্দ রাজ্য সরকারকে দেওয়া হয়েছে কিনা ;

৪। শিলান্যাস করা জায়গায় ললিত কলা একাডেমির শাখা কেন্দ্র স্থাপনের কাজের অগ্রগতি কোন পর্যায়ে আছে;

৫। কবে নাগাদ এই স্থাপনের কাজটি শেষ করা যাবে বলে আশা করা যায় ?

----

192 - রাজ্যের TUDA ফ্ল্যাট নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কিত তথ্য । (By-Shri Jitendra Chaudhury, Shri Nayan Sarkar, Shri Sudip Roy Barman)

88 **শ্রী জিতেন্দ্র চৌধুরী(সাব্রুম) :**
শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

নগর উন্নয়ন :-

১। রাজ্যে কখন এবং কি উদ্দেশ্যে Tripura Urban Development Authority (TUDA) গঠন করা হয়েছিল;

২। Tripura Urban Development Authority (TUDA) -র অধীনে টাউনশীপ প্রজেক্টে রাজ্যের কোথায় কোথায় ফ্ল্যাট বাড়ী নির্মাণের কাজ চলছে এবং এখন অব্দি কোথায় মোট কতটি ফ্ল্যাট বাড়ী নির্মাণ করে গ্রহীতাদের হাতে ফ্ল্যাটের চাবি তুলে দিতে পেরেছে;

৩। ইহা কি সত্য, পুরাতন জেলখানা এলাকায় ৫২৮ টি ফ্ল্যাট বাড়ী নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল; ৪। সত্য হয়ে থাকলে ঐ ফ্ল্যাট নির্মাণের কাজের অগ্রগতি কোন পর্যায়ে আছে?

----

197 - Data Centre Policy-2021 সম্পর্কিত তথ্য । (By- Shri Nayan Sarkar)

89 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

Information Technology :- ১। রাজ্য সরকার আই.টি ক্ষেত্রে বিনিয়োগে উৎসাহ এবং কর্মসংস্থানের লক্ষ্যে Data Centre Policy- 2021 চালু করার জন্য ২০২২-২৩ অর্থ বাজেটে যে অর্থের সংস্থান রাখা হয়েছে ঐ অর্থ দিয়ে এখন অব্দি কি কি কার্য সম্পাদন করা হয়েছে এবং মোট ব্যয়ের পরিমাণ কত; ২। Data Centre Policy-2021-এ কোন বেসরকারী বিনিয়োগ এসেছে কিনা এবং এসে থাকলে তার পরিমাণ কত ; ৩। উক্ত ক্ষেত্রে এখন পর্যন্ত মোট কত জনের কর্মসংস্থানের সুযোগ হয়েছে ?

----

198 - **আই.টি হাব নির্মান সম্পর্কিত তথ্য ।** (By - Shri Nayan Sarkar,Shri Jitendra Chaudhury,Shri Sudip Roy Barman)

90 **শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :**
শ্রী জিতেন্দ্র চৌধুরী(সাব্রুম) :
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

Information Technology :-

১। ইহা কি সত্য যে রাজ্য সরকার পুরাতন জেলখানা এলাকায় বহুতল আই.টি হাব নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে;

২।উক্ত স্থানে বহুতল আই.টি হাব নির্মাণের অগ্রগতি কি ;

৩।কবে নাগাদ আই.টি হাব নির্মাণের কাজ শেষ হবে বলে আশা করা যায় ; এবং

৪। আই.টি হাব নির্মাণের আনুমানিক ব্যয় কত ধরা হয়েছে এবং এখন অব্দি মোট কত অর্থ ব্যয় হয়েছে;

৫। বর্তমানে আই.টি স্থাপনার কাজটি কোন স্তরে / পর্যায়ে আছে;

৬। কবে নাগাদ আই.টি হাবের সুবিধা রাজ্যবাসী লাভ করবে / সুফল পাবে বলে আশা করা যায় ?

----

199 - **লাইট হাউস প্রকল্প সম্পর্কিত তথ্য ।** (By Shri Nayan Sarkar)

91 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

নগর উন্নয়ন :-

১। বর্ডার গোলচক্কর এলাকায় লাইট হাউস প্রকল্পের শিলান্যাস কখন করা হয় এবং এর জন্য কেন্দ্রীয় সরকার থেকে মোট কত অর্থ মঞ্জুর করা হয়েছে;

২। নির্মাণ কাজটি কত সময়ের মধ্যে শেষ করার জন্য নির্ধারিত ছিল এবং কোন নির্মাণ সংস্থা দ্বারা উক্ত নির্মাণ কাজ করানো হয়েছে;

৩। লাইট হাউসে ঘর পেতে আগ্রহী ব্যক্তিদের আবেদন পত্র চেয়ে TUDA কখন বিজ্ঞাপন প্রকাশ করেছিল এবং কত সময়ের মধ্যে আবেদনকারীদের মধ্যে ঘরের চাবি হস্তান্তর করার উল্লেখ ছিল ?

----

200 - ফ্ল্যাট নির্মাণ কাজ সম্পর্কিত তথ্য । (By - Shri Nayan Sarkar)

92 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

নগর উন্নয়ন :-

১। কামান চৌমুহনী, কুঞ্জবন, নন্দননগর এবং ধলেশ্বরের পুরাতন জেলখানায় ফ্ল্যাট গুলির নির্মাণের কাজ কখন শুরু হয়েছে এবং বর্তমানে উক্ত কাজ কোন পর্যায়ে আছে;

২। এই ফ্ল্যাট গুলির নির্মাণ কোন কোন নির্মাণ সংস্থা দ্বারা করানো হচ্ছে;

৩। কবে নাগাদ এই সকল ফ্ল্যাট-এর নির্মাণ কার্য শেষ করে ভোক্তা / গ্রাহকদের মধ্যে বিতরণ করা যাবে বলে আশা করা যায় ?

----

201 - DIT বিল্ডিং সম্পর্কিত তথ্য । (By - Shri Nayan Sarkar)

93 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

নগর উন্নয়ন :-

১। রাজ্য সরকার ইন্দ্রনগরে DIT বিল্ডিং-এ ASCL-এর Integrated Command and Control Centre স্থাপন করার কাজটি কোন সংস্থা দ্বারা করা হয়েছে;

২। এই সেন্টারের মাধ্যমে কি কি সুযোগ, সুবিধা আগরতলাবাসীর জন্য সম্প্রসারিত করা হয়েছে;

৩। CCTV System installation-এর ফলে কি কি সুফল এখন অব্দি পাওয়া গেছে;

৪। মোট কতটি CCTV শহরের বিভিন্ন স্থানে লাগানো হয়েছে এবং বর্তমানে কতটি চালু অবস্থায় আছে?

----

202 - রাজ্যের Sewage Treatment Plant সম্পর্কিত তথ্য । (By - Shri Nayan Sarkar)

94 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

নগর উন্নয়ন :-

১। রাজ্য সরকার ২০২৩-২৪ অর্থ বছরে আগরতলা শহর এবং রাজ্যের অন্যান্য শহর

গুলিতে Sewage Treatment Plant স্থাপনের জন্য বাজেটে যে অর্থ বরাদ্দ করেছিল ঐ অর্থ দিয়ে রাজ্যের কোন কোন শহরে উক্ত Plant স্থাপন করার কাজ সম্পন্ন হয়েছে বা কাজ চলতি প্রক্রিয়ার মধ্যে আছে;

২। এই প্রকল্পে এখন অব্দি মোট কত অর্থ ব্যয় হয়েছে ?

----

203 - Special Central Assistance to SC Sub Scheme সম্পর্কিত তথ্য । (By - Shri Nayan Sarka ,Shri Ramu Das)

95 **শ্রী নয়ন সরকার**(**বামুটিয়া**) :
শ্রী রামু দাস(**প্রতাপগড়**) :

তফসিলি জাতির কল্যাণ :-

১।গত তিনটি অর্থ বছরে রাজ্য সরকার Special Central Assistance to SC Sub Scheme -এ মোট কত অর্থ গ্রহণ করেছে এবং উক্ত সময়কালে কত অর্থ পাওয়ার আবেদন রাজ্য সরকার কর্তৃক জানানো হয়েছিল (অর্থ বছর ভিত্তিক হিসাব);

২।প্রাপ্ত অর্থ দিয়ে রাজ্যের তপশিলি জাতির কল্যাণে কি কি কাজ করা হয়েছে; (কাজের নাম এবং ত সঙ্গে অর্থের পরিমাণ সহ উল্লেখ);

৩।কোন কাজ এখনো চলতি প্রক্রিয়ার মধ্যে রয়েছে; এবং

৪। উক্ত প্রকল্পে বর্তমান অর্থ বছরে কত অর্থ ব্যয়িত হবে বলে আশা করা যায় ?

----

204 - NERUDP সম্পর্কিত তথ্য । (By - Shri Nayan Sarkar)

96 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

নগর উন্নয়ন :-

১। **North Eastern Region Urban Development Programme (NERUDP)** প্রকল্পে রাজ্য সরকার গত তিনটি অর্থ বছরে মোট কত অর্থ পেয়েছে (অর্থ বছর ভিত্তিক হিসাব) ;

২। উক্ত প্রাপ্ত অর্থ দিয়ে রাজ্যের শহর এলাকা গুলিতে কি কি কাজ করা হয়েছে বা এখনো চলতি প্রক্রিয়ার মধ্যে আছে (কাজের নাম এবং ত সঙ্গে অর্থের উল্লেখসহ) ?

----

205 - ইনভেস্টমেন্ট সামিট সম্পর্কিত তথ্য । (By - Shri Nayan Sarkar, Shri Sudip Roy Barman)

97 **শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :**
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

Industry & Commerce :-

১। ২০২১ সালের ডিসেম্বর মাসে আগরতলা যে ইনভেস্টমেন্ট সামিট হয়েছিল তাতে মোট কয়টি ব্যবসায়িক প্রতিষ্ঠান রাজ্যে বিনিয়োগের জন্য মউ স্বাক্ষর করেছিল ;

২। উক্ত ইনভেস্টমেন্ট সামিটের পর সরকারি প্রেস রিলিজ করে মোট কত অর্থ রাজ্যে বিনিয়োগ হয়েছে এবং মোট কতজনের কর্মসংস্থান হয়েছে;

৩। উক্ত ইনভেস্টমেন্ট সামিট অনুষ্ঠিত করতে রাজ্যে কোষাগার থেকে মোট কত অর্থ ব্যয় হয়েছে;

৪। ২রা মে ২০২৩ তারিখে গোট এবং ডেট অন ন্যাচারেল রিসোর্স প্রাইভেট লিমিটেড-এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা অনুযায়ী পিপিপি মডেলের ধলাইতে মেডিক্যাল ইনউনিভারসিটি প্রস্তাবিত প্রতিষ্ঠার অবস্থা কি ; মোট ২৪৭ কোটি টাকার বিনিয়োগ সহ ?

(What is the status of the proposed establishment of the Medical University at Dhalai in PPP model as per MoU dated 2nd May, 2023 signed between GOT & the Dayton Natural Resource Pvt. Ltd. with the Proposed investment of Rs. 247 crore)?

----

206 - Agar Trade Centre সম্পর্কিত তথ্য। (By - Shri Nayan Sarkar)

98 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

বন :-

১। রাজ্যে কোথায় **Agar Trade Centre** স্থাপন করা হয়েছে এবং এর নির্মাণ কাজে এখন অব্দি মোট কত অর্থ ব্যয় হয়েছে;

২। গত তিনটি অর্থ বছরে মোট কত মূল্যের আগর ব্যবসা রাজ্যে হয়েছে; এবং মোট কত টাকা রাজস্ব বাবদ পেয়েছে?

207- রাজ্যে Unity Mall নির্মাণ সম্পর্কিত তথ্য। (By - Shri Nayan Sarkar)

99 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

Industry & Commerce :-

১। ইহা কি সত্য রাজ্যের **Unique Products** প্রদর্শন ও বিক্রয়ের জন্য আগরতলায় একটি **Unity Mall** নির্মাণ করা হবে;

২। সত্য হলে আগরতলার কোন স্থানে উক্ত **Mall**-টির নির্মাণ কাজ চলছে এবং কবে নাগাদ নির্মাণ কাজ শেষ করা যাবে বলে আশা করা যায় ?

----

208 - পি. এম বিশ্বকর্মা প্রকল্প সম্পর্কিত তথ্য । (By- Shri Nayan Sarkar, Shri Asoke Chandra Mitra)

100 **শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :**
শ্রী অশোক চন্দ্র মিত্র(ঋষ্যমুখ) :

Industry & Commerce :-

১। পি. এম বিশ্বকর্মা প্রকল্পে এখন অব্দি রাজ্যে কতজনকে ঋণ দেওয়া হয়েছে ও কতজনকে কি কি সুযোগ সুবিধা দেওয়া হয়েছে এবং ঋণ পাওয়া যোগ্যতাবলী কি ;

২। জুটমিল কমপ্লেক্স পি . এম একতা মল গড়ে তোলার কাজের অগ্রগতি কি;

৩।২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরে রাজ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের কয়টি ইউনিটে কত টাকা বিনিয়োগ হয়েছে এবং মোট কত জনের কর্মসংস্থান হয়েছে;

৪। এখন অব্দি রাজ্যে মোট কতটি রুগ্ন শিল্প ইউনিটকে পুনরুজ্জীবন করার জন্য সরকার থেকে গৃহীত পদক্ষেপ গুলি কি কি ;

৫। এই যোজনায় ঋণ দেওয়ার জন্য রাজ্যের ক্ষেত্রে এখন অব্দি মোট কত অর্থ পাওয়া গেছে ?

----

209 - রাজ্যে Eco Tourism এবং Adventure Tourism বিকাশ সম্পর্কিত তথ্য ।(By- Shri Nayan Sarkar, Shri Sudip Roy Barman)

101 **শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :**
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

পর্যটন :-

১।রাজ্যে Eco Tourism এবং Adventure Tourism বিকাশে এখন অব্দি কি কি কাজ করা হয়েছে;

২।গত তিনটি অর্থ বছরে উক্ত দু'টি স্কিমে মোট কত অর্থ ব্যয় করা হয়েছে;

৩। গত তিনটি অর্থ বছরে রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে কি কি কাজ করা হয়েছে এবং কত অর্থ ব্যয় করা হয়েছে;

৪। রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে গত তিনটি অর্থ বছরে মোট কত অর্থ কেন্দ্রীয় সরকার থেকে পাওয়া গেছে ?

----

210 - রাজ্যে পর্যটন শিল্পের প্রসার সংক্রান্ত তথ্য । (By- Shri Nayan Sarkar, Shri Sudip Roy Barman)

102 **শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :**
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

পর্যটন :-

১। ইহা কি সত্য রাজ্যে পর্যটন শিল্পের প্রসারের জন্য চারটি রোপওয়ে নির্মাণ করার পরিকল্পনা ছিল;

২। সত্য হয়ে থাকলে রোপওয়ের নির্মাণ কাজ কতটুকু হয়েছে এবং এতে মোট কত অর্থ এখন অব্দি ব্যয় হয়েছে;

৩। এই চারটি রোপওয়ের নির্মাণ কাজ কবে নাগাদ শেষ করা যাবে বলে আশা করা যায় ?

----

211 - পর্যটন দপ্তরে Prashad Scheme **সম্পর্কিত তথ্য ।** (By - Shri Nayan Sarkar)

103 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

পর্যটন :-

১।গত তিনটি অর্থ বছরে রাজ্যের পর্যটন দপ্তর Prashad Scheme-এ রাজ্য সরকার কেন্দ্রীয় সরকার থেকে মোট কতঅর্থ পেয়েছে;

২। প্রাপ্ত অর্থ দিয়ে রাজ্যের কোন কোন ধর্মীয় স্থানে কি কি কাজ করা হয়েছে বা কাজ এখনো চলতি প্রক্রিয়ার মধ্যে আছে;

৩। কোন ধর্মীয় স্থানের কাজ কবে নাগাদ শেষ করা যাবে বলে আশা করা যায় ;

৪। গত তিনটি অর্থ বছরে রাজ্যের পর্যটন দপ্তর কেন্দ্রীয় সরকারের কোন কোন প্রকল্পে কত অর্থ পেয়েছে;

৫। প্রাপ্ত অর্থ দিয়ে রাজ্যের পর্যটন শিল্পে কি কি কাজ করা হয়েছে?

----

212 - রাজ্যের পর্যটন বিকাশ সম্পর্কিত তথ্য। (By -Shri Nayan Sarkar, Shri Sudip Roy Barman)

104 **শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :**
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

পর্যটন :-

১। স্বদেশ দর্শন, প্রকল্পে এখন পর্যন্ত মোট কত অর্থ কেন্দ্রীয় সরকার থেকে রাজ্য সরকার পেয়েছে;

২।প্রাপ্ত অর্থ দিয়ে রাজ্যের পর্যটন বিকাশে (Swadesh Darshan Project-I -এর সিপাহীজলা, উদয়পুর, নীরমহল, উজ্জয়ন্ত প্রাসাদ, জম্পুর জলাশয়, জম্পুইজলা এবং ঊনকোটি ও Swadesh Darshan Project-II) কি কি কাজ করা হয়েছে বা কাজ এখনো চলতি প্রক্রিয়ার মধ্যে আছে (কাজের নাম এবং অর্থের উল্লেখ সহ);

৩। কোন স্থানের কাজের অগ্রগতি কি বা কোন পর্যায়ে আছে; ৪। কোন স্থানের কাজটি কখন বা কবে নাগাদ শেষ করা হবে বলে আশা করা যায় ?

----

213 - ত্রিপুরেশ্বরী মাতাবাড়ী প্রাঙ্গণ এলাকা উন্নয়ন সম্পর্কিত তথ্য। (By -Shri Nayan Sarkar, Shri Sudip Roy Barman)

105 **শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :**
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

পর্যটন :-

১। উদয়পুরে ত্রিপুরেশ্বরী মাতাবাড়ী প্রাঙ্গণ এলাকায় উন্নয়নের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে এবং কবে নাগাদ উক্ত কাজ সম্পন্ন করা হবে বলে আশা করা যায় ;

২। উক্ত কাজটির অর্থায়ন কোথা থেকে করা হচ্ছে ;

৩। মাতাবাড়ী ও নীরমহল এলাকায় কি কি উন্নয়নমূলক / সৌন্দর্য্য বর্ধক কাজ করা হচ্ছে/ হয়েছে; এবং ৪। এতে উভয় ক্ষেত্রে মোট অর্থের পরিমান কত ?

----

214 - রাজ্যের সড়ক নিরাপত্তা সম্পর্কিত তথ্য। (By -Shri Sudip Sarkar)

106 **শ্রী সুদীপ সরকার (বড়জলা):**

পরিবহন :-

১। ২০১৮-১৯ অর্থ বাজেট পুস্তিকায় ২১ নং পৃষ্ঠার ৭৫ নং পয়েন্ট-এ উল্লেখ রয়েছে রাজ্য সরকার সড়ক নিরাপত্তা সুনিশ্চিত করতে হরিয়ানা থেকে সংগৃহীত অর্থের ৫০ শতাংশ অর্থ সড়ক নিরাপত্তার কাজে ব্যয় করার প্রস্তাব করা হয়;

সেই মোতাবেক গত তিনটি অর্থ বছরে জরিমানা বাবদ মোট কত আদায় হয়েছে এবং তার মধ্যে নিরাপত্তার কাজে কত ব্যয় করা হয়েছে ;

২। সড়ক নিরাপত্তার জন্য বর্তমানে কি কি ব্যবস্থা রয়েছে;

৩। গত তিনটি অর্থ বছরে সড়ক নিরাপত্তা ব্যবস্থাকে কার্যকরী করার জন্য মোট কত অর্থ ব্যয় করা হয়েছে?

----

215 - **রাজ্যে রোড ট্যাক্স সম্পর্কিত তথ্য।** (By - Shri Sudip Sarkar)

107 **শ্রী সুদীপ সরকার** (বড়জলা)ঃ

পরিবহন :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্যে রোড ট্যাক্স বাবদ মোট কত অর্থ সংগৃহীত হয়েছে;

২।রাজ্যে বৈদ্যুতিক যান থেকে রোড ট্যাক্স সংগৃহীত করা হয় কিনা ;

৩। হয়ে থাকলে কত শতাংশ হারে সংগ্রহ করা হয়ে থাকে ?

----

216 - **হ্যান্ডলোম এবং হ্যান্ডিক্র্যাফ্টস্ ক্লাস্টার কর্মীর সংখ্যা সম্পর্কিত তথ্য।** (By Shri Ramu Das)

108 **শ্রী রামু দাস** (প্রতাপগড়)ঃ

Handloom , Handicraft & Sericulture :-

১। রাজ্যে হ্যান্ডলোম এবং হ্যান্ডিক্র্যাফ্টস্ ক্লাস্টারের কর্মীর সংখ্যা কত; এর মধ্যে পুরাতন এবং নতুন কর্মীর সংখ্যা কত;

২। প্রতাপগড় বিধানসভা কেন্দ্রে যোগেন্দ্রনগরে যে হ্যান্ডিক্র্যাফ্টস্ ক্লাস্টারটি আছে এই ক্লাস্টারের কর্মীর সংখ্যা কত ?

----

217 - **শিল্প প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন সম্পর্কিত তথ্য।** (By Shri Ramu Das)

109 **শ্রী রামু দাস** (প্রতাপগড়)ঃ

Industry & Commerce :- ১। রাজ্যে কতটি সরকারি খাতে শিল্প প্রশিক্ষনের ব্যবস্থা

বর্তমানে চালু আছে; ২। নতুন কোন শিল্প প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; ৩। শিল্প প্রশিক্ষণ কেন্দ্র গুলিতে কি কি বিষয়ের উপর প্রশিক্ষণ দেওয়া হয়; এবং ৪। বিগত তিন বছরে প্রশিক্ষণ শেষে কত জনের কর্ম সংস্থানের ব্যবস্থা করা হয়েছে ?

----

221 - **সিপাহীজলা চিরিয়াখানা সম্পর্কিত তথ্য।** (By- Shri Asoke Chandra Mitra)

110 **শ্রী অশোক চন্দ্র মিত্র (ঋষ্যমুখ):**

বন :- ১। সিপাহীজলা চিরিয়াখানার আধুনিকীকরণে রাজ্য সরকার কর্তৃক কি কি কাজ করা হয়েছে (কাজের নাম উল্লেখ এবং তাতে অর্থ খরচের হিসাব সহ); ২।CAMPA ফান্ডে বরাদ্দ অর্থ দিয়ে কি কি কাজ করা হয়েছে (কাজের নাম এবং অর্থের পরিমাণ উল্লেখ সহ)?

----

222 - **বন দপ্তরের অধীনে জলাশয় নির্মাণ সম্পর্কিত তথ্য।** (By Shri Asoke Chandra Mitra)

111 **শ্রী অশোক চন্দ্র মিত্র (ঋষ্যমুখ):**

বন :- ১। মিশন অমৃত সরোবর প্রকল্পে রাজ্যে বন দপ্তরের অধীনে মোট কয়টি জলাশয় নির্মাণ বা পুনঃ রুজ্জীবন করা হয়েছে (ব্লক গ্রামপঞ্চায়েত এবং পাড়ার নাম উল্লেখ সহ) ; ২। কোন জলাশয় নির্মাণ বা পুনঃরুজ্জীবনে কত অর্থ ব্যয় হয়েছে; ৩। কেন্দ্রীয় সরকারের গাইড লাইন অনুযায়ী জলাশয় গুলির ন্যূনতম আয়তন কত পরিমান এবং কত জলধারন ক্ষমতা থাকতে হবে; ৪। জলাশয় গুলি নির্মাণ বা পুনঃরুজ্জীবনে ন্যূনতম এবং সর্বোচ্চ কত অর্থ ব্যয় ধার্য করা হয়েছে ?

----

223 - D.W.S **দপ্তর সম্পর্কিত তথ্য ।** (By - Shri Ramu Das ,Shri Sudip Roy Barman)

112 **শ্রী রামু দাস**(প্রতাপগড়) :
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

পূর্ত :-

১। গত তিনটি অর্থ বছরে D.W.Sদপ্তর কেন্দ্রীয় সরকারের কোন যোজনায় কত অর্থ পেয়েছে এবং প্রাপ্ত অর্থ রাজ্য সরকার যথাসময়ে ব্যয় করতে পেরেছে কিনা;

২। প্রাপ্ত অর্থ দিয়ে রাজ্যে কি কি কাজ করা হয়েছে এবং কি কি কাজ এখনো চলতি

প্রক্রিয়ার মধ্যে আছে;

৩। উক্ত সময়ে রাজ্য সরকার কর্তৃক কেন্দ্রীয় সরকারের কোন প্রকল্পে কত অর্থ পাওয়ার আবেদন জানানো হয়েছিল;

৪। বর্তমানে D.W.S দপ্তরে (Sanction Post) মোট কত জন কর্মরত আছে; এবং

৫। দপ্তর সর্বশেষ কোন স্কিমে কতজন কর্মচারী নিয়োগ করেছে ?

----

224 - জল জীবন মিশন সম্পর্কিত তথ্য । (By - Shri Ramu Das)

113 **শ্রী রামু দাস (প্রতাপগড়):**

পূর্ত :-

১। ২০২১-২২ অর্থ বছরে জল জীবন মিশন প্রকল্পে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকার থেকে মোট কত অর্থ পেয়েছে এবং এতে আগের অর্থ বছরের এই খাতে অব্যয়িত অর্থ থেকে থাকলে তা যুক্ত হয়ে মোট অর্থের পরিমান কত দাঁড়ায় ;

২। উক্ত অর্থ বছরে মোট অর্থের কত পরিমান দপ্তর পাণীয় জলের জন্য ব্যয় করতে পেরেছে ;

৩। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরে রাজ্য সরকার উক্ত প্রকল্পে মোট কত অর্থ কেন্দ্রীয় সরকার থেকে পেয়েছে ; এবং

৪। প্রাপ্ত অর্থের মধ্যে মোট কত অর্থ দপ্তর রাজ্যের পাণীয় জলের জন্য ব্যয় করতে পেরেছে ?

----

225 - মুখ্যমন্ত্রী স্ব-নির্ভর যোজনা সম্পর্কিত তথ্য । (By Shri Ramu Das)

114 **শ্রী রামু দাস (প্রতাপগড়):**

তফসিলি জাতির কল্যাণ :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্যে তপশিলি জাতির মোট কত পরিবারকে মুখ্যমন্ত্রী স্ব-নির্ভর যোজনায় আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে এবং এতে মোট কত অর্থ ব্যয় হয়েছে (অর্থ বছর ভিত্তিক হিসাব);

২। কোন কোন খাতে স্ব-নির্ভরতা অর্জনের জন্য এই প্রকল্পে আর্থিক সাহায্য প্রদান করা হয়ে থাকে;

৩। উক্ত সময় কালে সাব্রুম মহকুমায় মোট কত পরিবারকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে ?

----

226 - Girls and Boys Hostel for SCs প্রকল্প সম্পর্কিত তথ্য । (By Shri Ramu Das)

115 **শ্রী রামু দাস (প্রতাপগড়):**

তফসিলি জাতির কল্যাণ :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্য সরকার Girls and Boys Hostel for SCs প্রকল্পে কত অর্থ পেয়েছে (অর্থ বছর ভিত্তিক হিসাব);

২। প্রাপ্ত অর্থ দিয়ে নতুন করে কয়টি Hostel নির্মাণ করা হয়েছে এবং এতে মোট কত ছাত্র/ছাত্রী থাকার বন্দোবস্ত হয়েছে বা কোন কাজ এখনো চলতি প্রক্রিয়ায় আছে ?

----

227 - Strengthening of Machinery for Enforcement of Protection of Civil Right Act 1995 প্রকল্প সম্পর্কিত তথ্য । (By - Shri Ramu Das)

116 **শ্রী রামু দাস (প্রতাপগড়):**

তফসিলি জাতির কল্যাণ :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্য সরকার Strengthening of Machinery for Enforcement of Protection of Civil Right Act. 1995 প্রকল্পে / যোজনায় কত অর্থ পেয়েছে (অর্থ বছর ভিত্তিক হিসাব) ;

২। রাজ্য সরকার প্রাপ্ত অর্থ দিয়ে কি কি কাজ করেছে এবং তাতে মোট কত জন উপকৃত হয়েছে ;

৩। উক্ত প্রকল্পের মাধ্যমে কি ধরনের সহায়তা প্রদান করা হয়ে থাকে?

----

228 - এস.সি জনগোষ্ঠীর বিভিন্ন কল্যাণ প্রকল্প সম্পর্কিত তথ্য। (By - Shri Ramu Das)

117 **শ্রী রামু দাস (প্রতাপগড়):**

তফসিলি জাতির কল্যাণ :-

১। কেন্দ্রীয় সরকারের কি কি যোজনা / স্কীম / প্রকল্প রাজ্যের এস.সি জনগোষ্ঠীর কল্যাণে বর্তমানে রূপায়িত হচ্ছে;

২। গত তিনটি অর্থ বছরে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কোন প্রকল্পে কত অর্থ

পেয়েছে এবং এর মধ্যে কোনটিতে রাজ্য সরকারের শেয়ার থাকলে তাতে কত অর্থ যোগ করা হয়েছে;

৩। কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্ত অর্থ দিয়ে রাজ্যের এস.সি জন গোষ্ঠীর কল্যাণে কি কি কাজ করা হয়েছে বা কাজ এখনো চলতি প্রক্রিয়ার মধ্যে আছে ?

----

229 - **রাজ্যের সরকারী ছাপাখানা সম্পর্কিত তথ্য।** (By Shri Ramu Das)

118 **শ্রী রামু দাস** (প্রতাপগড়):

সাধারণ প্রশাসন (**মুদ্রণ এবং স্টেশনারি**) :-

১। রাজ্যে সরকারী ছাপাখানায় মোট কত জন কর্মচারী কর্মরত রয়েছে;

২। বর্তমানে সরকারী ছাপাখানা রাজ্য সরকারাধীন বিভিন্ন দপ্তর এবং স্ব-শাসিত সংস্থার কাছে বিভিন্ন মূদ্রন এবং মুদ্রন সামগ্রী বিক্রি বাবদ মোট কত অর্থ বকেয়া রয়েছে (দপ্তরের নাম এবং স্ব-শাসিত সংস্থার নাম উল্লেখ সহ আলাদা আলাদা হিসাব);

৩। কোন দপ্তরের কাছে মোট কত অর্থ সবচেয়ে বেশি সময় ধরে বকেয়া রয়েছে ;

৪। বকেয়া অর্থ আদায়ে দপ্তর কি কি ব্যবস্থা নিচ্ছে ?

----

230 - **আখাউড়া-আগরতলা রেল পথ সম্পর্কিত তথ্য।** (By Shri Ramu Das)

119 **শ্রী রামু দাস** (প্রতাপগড়):

পরিবহন :- ১। আখাউড়া-আগরতলা রেল পথের শিলান্যাস কখন করা হয়; ২। উক্ত রেলপথের জন্য জমি অধিগ্রহন করার কাজ কবে নাগাদ শেষ হয়েছে এবং কবে নাগাদ রেল পথটি চালু হবে বলে আশা করা যায় ?

----

231 - **রাজ্যে সুশাসন মেলা সম্পর্কিত তথ্য।** (By - Shri Sailendra Chandra Nath)

120 **শ্রী শৈলেন্দ্র চন্দ্র নাথ** (**যুবরাজনগর**):

Information and Cultural Affairs :- ১। ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরে রাজ্যের বিভিন্ন প্রান্তে মোট কয়টি সুশাসন মেলা সংগঠিত হয় এবং কোথায় কোথায় ; ২। সুশাসন মেলা কি কি উদ্দেশ্যে বা প্রচারের লক্ষ্যে সংগঠিত করা হয়; ৩। উক্ত মেলায় কি পরিমান অর্থ ব্যয় হয়েছে ?

----

232 - তথ্য সংস্কৃতি দপ্তরে শূন্যপদ সম্পর্কিত তথ্য। (By - Shri Nirmal Biswas)

121 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

Information and Cultural Affairs :-

১। বর্তমানে তথ্য সংস্কৃতি দপ্তরের বিভিন্ন ক্যাটাগরিতে কয়টি শূন্যপদ আছে (ক্যাটাগরি ভিত্তিক তথ্য);

২। উক্ত শূন্যপদগুলি পূরনের জন্য সরকার থেকে কোন উদ্যোগ নেওয়া হয়েছে কিনা ?

----

233 - পর্যটন দপ্তরের জন্য বরাদ্দকৃত অর্থ সম্পর্কিত তথ্য। (By - Shri Nirmal Biswas)

122 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

পর্যটন :-

১।গত তিনটি অর্থবৎসরে রাজ্যে পর্যটন দপ্তরের জন্য বরাদ্দকৃত অর্থের কি পরিমাণ অর্থ ব্যয়িত এবং অব্যয়িত হয়েছে (অর্থ বৎসর ভিত্তিক তথ্য) ?

----

234 - রাজ্যে নূতন শিল্প স্থাপন সম্পর্কিত তথ্য। (By Shri Nirmal Biswas)

123 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

Industry & Commerce :-

১। বিগত তিনটি অর্থবৎসরে রাজ্যে কয়টি নূতন শিল্প স্থাপিত হয়েছে (অর্থ বৎসর ভিত্তিক হিসাব);

২। স্থাপিত হয়ে থাকলে কোথায় কোথায় হয়েছে ?

----

235 - সংবাদপত্রের বিজ্ঞাপন সম্পর্কিত তথ্য । (By - Shri Nirmal Biswas)

124 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

Information and Cultural Affairs :-

১। রাজ্যে সরকারী স্বীকৃতি প্রাপ্ত কয়টি ‘এ’ এবং ‘বি’ ক্যাটাগরির সংবাদপত্র আছে;

২। ২০২৩ সালের ১লা জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত ইলেকট্রনিক মিডিয়া সহ কোন পত্রিকায় কত টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছে (ক্লাসিফায়েড এবং ডিসপ্লে);

৩। তারমধ্যে রাজ্যের বাইরের সংবাদ মাধ্যমকে কত টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছে ?

----

236 - **পরিযায়ী শ্রমিক সম্পর্কিত তথ্য ।** (By - Shri Nirmal Biswas)

125 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

শ্রম :-

১। রাজ্যে নথীভূক্ত পরিযায়ী শ্রমিক যারা বহিরাজ্যে কাজ করে তাদের সংখ্যা কত ;

২। বহিরাজ্যের পরিযায়ী শ্রমিক যারা রাজ্যে কাজ করে তাদের সংখ্যা কত ?

237- Ground Water Reservoir **-এর নির্মাণ সম্পর্কিত তথ্য ।** (By- Shri Sudip Roy Barman)

126 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

নগর উন্নয়ন :-

১। আগরতলা শহরের কোন স্থানে Ground Water Reservoir -এর নির্মাণ করা হয়েছে বা নির্মাণ কাজ এখনো চলতি প্রক্রিয়ায় আছে;

২। এই Water Reservoir নির্মাণে এখন অব্দি মোট কত অর্থ ব্যয় হয়েছে; এবং

৩। পঞ্চদশ অর্থ কমিশন থেকে মোট কত অর্থ এখন অব্দি রাজ্য সরকার গ্রহণ করেছে ?

----

238 - **ত্রিপুরায় জাইকা প্রকল্প সম্পর্কিত তথ্য।** (By - Shri Sudip Roy Barman)

127 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

বন :-

১। 'শ্বাশ্বত বন উন্নত জীবন' এই শ্লোগান কে স্বার্থক রূপায়নে এখন অব্দি রাজ্য সরকার কি কি কাজ করেছে এবং এতে মোট কত অর্থ ব্যয় হয়েছে;

২। ত্রিপুরায় জাইকা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ কখন থেকে শুরু হয় এবং এর জন্য মোট কত অর্থ ধার্য করা হয় ;

৩। জাইকা দ্বিতীয় পর্যায়ে এখন অব্দি মোট কত অর্থ ব্যয় করা হয়েছে এবং ব্যয়িত অর্থ দিয়ে রাজ্যে কি কি কাজ করা হয়েছে;

৪। এখন অব্দি ব্যয়িত অর্থের অডিট করা হয়েছে কিনা এবং ব্যয়িত অর্থের ইউটিলাইজেশান পাঠানো হয়েছে কিনা ?

----

239 - অমৃত সরোবর মিশন সম্পর্কিত তথ্য । (By - Shri Sudip Roy Barman)

128 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

বন :-

১। জল সংরক্ষনের লক্ষ্যে অমৃত সরোবর মিশনের অংশ হিসাবে রাজ্যের বন দপ্তরাধীন এখন পর্যন্ত মোট কয়টি অমৃত সরোবর খনন / পুনরুজ্জীবন করা হয়েছে (ব্লকের, পঞ্চায়েত বা ভিলেজ কমিটির নাম এবং অর্থের পরিমাণ উল্লেখ সহ) ;

২। কেন্দ্রীয় সরকারের গাইড লাইন অনুযায়ী অমৃত সরোবর গুলির জন্য ন্যূনতম এবং সর্বোচ্চ কত অর্থ ব্যয় এবং কত ভূমিতে জলাশয় গুলি নির্মাণের নির্দেশিকা ছিল ?

----

240 - এস.সি. কর্পোরেশন সম্পর্কিত তথ্য । (By - Shri Sudip Roy Barman)

129 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

তফসিলি জাতির কল্যাণ :-

১। রাজ্যে গত অর্থ বছর এবং চলতি অর্থ বছরের জুলাই মাস পর্যন্ত এস.সি. কর্পোরেশন থেকে মোট কতজনকে কত টাকা ঋণ দেওয়া হয়েছে ;

২। উক্ত সময়ে কেন্দ্রীয় এস সি কর্পোরেশনের কাছে রাজ্য এস সি কর্পোরেশন মোট কত অর্থ বকেয়া দেনা রয়েছে ?

----

241 - Mukhya Mantri Agarbatti Aatmanirbhar Mission **সম্পর্কিত তথ্য ।** (By - Shri Sudip Roy Barman)

130 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

Industry & Commerce :-

১। Mukhya Mantri Agarbatti Aatmanirbhar Mission রাজ্যে কখন চালু করা হয় এবং এখন অব্দি রাজ্যের কোথায় কোথায় আগরবাতি নির্মাণ ক্লাস্টার রয়েছে;

২। উক্ত Mission চালু হওয়ার পর থেকে এখন অব্দি রাজ্যে মোট কত মূল্যের আগরবাতি নির্মিত হয়েছে (অর্থবছর ভিত্তিক হিসাব);

৩। National Bamboo Mission-এর অধীনে বর্তমানে রাজ্যের কোন কোন স্থানে কি কি

কাজ চলছে; এবং

৪। রাজ্যে বাঁশের বোতল তৈরীর ধারনাটি / বানিজ্যিকভাবে বাঁশের বোতল তৈরী ব্যাপকভাবে কখন থেকে রাজ্যে বিস্তার লাভ করে এবং গত তিনটি অর্থ বছরে রাজ্যের উৎপাদিত বাঁশের বোতল বিক্রি করে মোট কত অর্থ আয় হয়েছে ?

----

242 - Indo-German Development Co-operation Phase - II সম্পর্কিত তথ্য । (By- Shri Sudip Roy Barman)

131 **শ্রী সুদীপ রায় বর্মন** (**আগরতলা**):

বন :-

১। Indo-German Development Co-operation Phase - II-এর কাজ কখন থেকে রাজ্যে শুরু হয় এবং এর জন্য মোট কত অর্থ ধার্য করা হয়;

২। এই প্রকল্পে মূলত কিকি কাজ করার উল্লেখ ছিল;

৩। এখন অব্দি এই প্রকল্পে মোট কত অর্থ পাওয়া গেছে এবং কত অর্থ ব্যয় করা হয়েছে;

৪। এখন অব্দি সম্পন্ন কাজের হিসাব বা Utilization Certificate পাঠানো হয়েছে কিনা ?

----

243 - যানবাহনের লাইসেন্স প্রদান সম্পর্কিত তথ্য । (By - Shri Sudip Roy Barman)

132 **শ্রী সুদীপ রায় বর্মন** (**আগরতলা**):

পরিবহন :-

১। গত তিনটি অর্থবছরে রাজ্য পরিবহন দপ্তর রোড ট্যাক্স যানবাহনের লাইসেন্স প্রদানে, যানবাহনের লাইসেন্স নবীকরন ড্রাইভিং লাইসেন্স প্রদান ইত্যাদি বাবদ মোট কত রাজস্ব আদায় হয়েছে (প্রত্যেকটির ক্ষেত্রে আলাদা আলাদা হিসাব) ;

২। রাজ্যে বর্তমানে যানবাহনের সংখ্যা কত ?

----

244 - রাজ্যের শিল্প ও বাণিজ্য দপ্তরে অর্থ ও অনুমোদিত পদের সংখ্যা সম্পর্কিত তথ্য । (By- Shri Sudip Roy Barman)

133 **শ্রী সুদীপ রায় বর্মন** (**আগরতলা**):

Industry & Commerce :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্যের শিল্প ও বাণিজ্য দপ্তর কেন্দ্রীয় সরকার থেকে কোন কোন প্রকল্পে কত অর্থ পেয়েছে এবং এর মধ্যে কোনটিতে রাজ্যের শেয়ার থাকলে তাতে কত অর্থ যোগ করা হয়েছে;

২। উক্ত অর্থ দিয়ে রাজ্যে শিল্প ক্ষেত্রে কি কি কাজ করা হয়েছে ;

৩। শিল্প ও বাণিজ্য দপ্তরে মোট অনুমোদিত (Sanction Post) পদের সংখ্যা কত এবং বর্তমানে কতজন কর্মরত অবস্থায় আছে এবং সবশেষ কোন কোন পদে কতজন কর্মচারী নিয়োগ করা হয়েছে ?

----

245 - Printing and Stationary **দপ্তরের অর্থ বকেয়া সম্পর্কিত তথ্য ।** (By- Shri Sudip Roy Barman)

134 **শ্রী সুদীপ রায় বর্মন** (আগরতলা):

সাধারণ প্রশাসন (মুদ্রণ এবং স্টেশনারি) :-

১। চলতি অর্থ বছরের জুন মাস পর্যন্ত Printing and Stationary দপ্তর রাজ্য সরকারাধীন বিভিন্ন দপ্তর, সচিবালয়, আধা সরকারী সংস্থার নিকট বিভিন্ন ছাপা, ক্যালেন্ডার, ডায়েরী ইত্যাদি বাবদ মোট কত অর্থ বকেয়া (পাওনা) রয়েছে (দপ্তরের নাম এবং অর্থের পরিমান উল্লেখ সহ);

২। বকেয়া অর্থ আদায়ে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে ?

----

246 - **রাজ্যে** Industrial Estate **গঠন সম্পর্কিত তথ্য ।**(By - Shri Nayan Sarkar, Shri Jitendra Chaudhury, Shri Sudip Roy Barman)

135 **শ্রী নয়ন সরকার**(বামুটিয়া) :
শ্রী জিতেন্দ্র চৌধুরী(সাব্রুম) :
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

Industry & Commerce :-

১। ২০২২-২৩ অর্থবর্ষের রাজ্যে Industrial Estate গঠন এবং বিনিয়োগ বাড়ানোর জন্য মোট ৪০০ কোটি টাকার বেশী ADB Funding পাওয়া গেছে;

২। উক্ত টাকা দিয়ে এখন অব্দি রাজ্যের কোথায় কোথায় কি কি শিল্প কেন্দ্র গড়ে তোলা হয়েছে এতে এখন অব্দি কতজনের কর্মসংস্থান হয়েছে এবং শিল্পের কি কি কাজ করা হয়েছে;

৩। গত তিনটি অর্থ বছরে মোট কতজন PMEGP প্রকল্পে ঋণ দেওয়া হয়েছে তাতে মোট কত অর্থ সাবসিডি দেওয়া হয়েছে এবং কতজন ঋণ পাওয়ার জন্য আবেদন করেছে এবং

এর মধ্যে কতজন উপজাতি যুবক/ যুবতীকে PMEGP প্রকল্পে টাকা দেওয়া হয়েছে;

৪। PMEGP প্রকল্পে আরো অধিক ব্যক্তি যাতে ঋণ পেতে পারে তার জন্য রাজ্য সরকার থেকে কোন উদ্যোগ গ্রহণ করা হয়েছে কিনা;

৫। রাজ্যে বর্তমানে কত পরিমানে চা উৎপাদিত হচ্ছে এবং এর থেকে বাৎসরিক আয় কত / মোট উৎপাদিত চা-এর মূল্য কত ?

----

247 - **কমিউনিটি হল নির্মাণ সম্পর্কিত তথ্য ।** (By - Shri Sudip Roy Barman)

136 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

তফসিলি জাতির কল্যাণ :-

১। Dr. Ambedkar Utsav Dham (DAUD) Programme-এর অধীনে PMASY-এর তালিকা ভূক্ত গ্রাম গুলির মধ্যে এখন অব্দি মোট কয়টি গ্রামে কমিউনিটি হল নির্মাণের কাজ শুরু হয়েছে বা কাজ ইতিমধ্যে শেষ হয়ে গেছে;

২। এই কমিউনিটি হল নির্মাণে এখন অব্দি মোট কত অর্থ ব্যয় হয়েছে ?

----

289 - **রাজ্য সরকারাধীন ফ্ল্যাক্স ছাপানো সম্পর্কিত তথ্য ।** (By- Shri Sailendra Chandra Nath,Shri Sudip Roy Barman)

137 **শ্রী শৈলেন্দ্র চন্দ্র নাথ(যুবরাজনগর) :**

Information and Cultural Affairs :-

১। গত তিনটি অর্থ বছরে আই.সি. এ. দপ্তর মারফত মোট কত মূল্যের ফ্ল্যাক্স রাজ্য সরকারাধীন বিভিন্ন দপ্তরের জন্য ছাপা হয়েছে;

২। ফ্ল্যাক্স ছাপানোর সরকারী রেইট কত (প্রতিবর্গ ফুট হিসাবে);

৩। উক্ত তিনটি অর্থ বছরে দপ্তর কর্তৃক রাজ্যের বিভিন্ন দৈনিক পত্রিকায় কত টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছে (অর্থ বছর ভিত্তিক এবং পত্রিকার নাম উল্লেখ সহ) ?

----

291 - Pradhan Mantri Matsa Sampada Yojana (PMMSY) **সম্পর্কিত তথ্য ।** (By- Shri Nayan Sarkar, Shri Sudip Roy Barman)

138 **শ্রী নয়ন সরকার(বামুটিয়া) :**
শ্রী সুদীপ রায় বর্মন(আগরতলা) :

তফসিলি জাতির কল্যাণ :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্যের মোট কয়টি তপশিলী জাতি অধ্যুষিত গ্রামকে প্রধানমন্ত্রী আদর্শ গ্রাম যোজনার (PMGSY) অধীনে আনা হয়েছে (নাম উল্লেখ সহ);

২। গত তিনটি অর্থ বছরে রাজ্য সরকার Pradhan Mantri Matsa Sampada Yojana (PMMSY) প্রকল্পে কেন্দ্রীয় সরকার থেকে মোট কত অর্থ পেয়েছে (অর্থ বছর ভিত্তিক হিসাব);

৩। প্রাপ্ত অর্থ দিয়ে রাজ্যের তপশিলী জাতি অধ্যুষিত গ্রাম গুলির জন্য কি কি কাজ করা হয়েছে বা এখনো চলতি প্রক্রিয়ায় মধ্যে আছে;

৪। উক্ত সময়কালে সাব্রুম মহকুমার কোন কোন তপশিলী অধ্যুষিত গ্রামের জন্য উন্নয়ন মূলক কাজ করা হয়েছে ?

----

292 - Skill Strengthening for Industrial Value Enhancement সম্পর্কিত তথ্য । (By - Shri Nayan Sarkar)

139 শ্রী নয়ন সরকার (বামুটিয়া):

Industry & Commerce :-

১। গত তিনটি অর্থ বছরে রাজ্য সরকার **Skill Strengthening for Industrial Value Enhancement (STRIVE)** প্রকল্পে কত অর্থ পেয়েছে;

২। প্রাপ্ত অর্থ দিয়ে কি কি কাজ / **Skill Development** -এর জন্য কি কি করা হয়েছে; এবং

৩। এতে মোট কত জন উপকৃত হয়েছে এবং মোট কত জন স্ব-উদ্যোগী হতে পেরেছে ?